

শ্রীমতী মিঠু মিশ্র

ফ্ল্যাট নম্বর ৯৬/৭

পি-১৯, সাউদার্ন এভিনিউ

কলকাতা : ৭০০ ০২৯

প্রাপক

শ্রী অমিতাভ রায়চৌধুরী

(M/s. Associated Constructions)

৫৬/১, সেলিমপুর লেন

কলকাতা : ৭০০ ০৩১

তারিখঃ ০১/১১/২০১৯



মহাশয়,

আপনাকে অবগত করি যে, শ্রীমতী সুলতা সরকার, শ্রী অরিজিৎ সরকার, মনীশ সরকার ও বিবাহিতা শ্রীমতী জলি মিত্রের মালিকানায় ৩৬/১, মহারাজা টেগর রোড, কলকাতা পৌরসভা, ওয়ার্ড নং ৯২, থানা : লেক, কলকাতা : ৭০০ ০৩১ ও ঢাকুরিয়া মৌজার অন্তর্ভুক্ত আপনার (M/s. Associated Constructions) শ্রী অমিতাভ রায়চৌধুরী দ্বারা নিম্নীয়মাণ তিনতলা বাড়ির তৃতীয় তলায় কমবেশী ৯৮৫ বর্গফুট (দুটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, একটি বারান্দা, দুটি পায়খানা বাথরুম)। ফ্ল্যাট বায়নাপত্র অনুসারে সর্বোচ্চ বাজার দর ২৮,০০,০০০/- (আঠাশ লক্ষ) টাকায় খরিদ করার জন্য ব্যাঙ্ক চেক মারফত ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় আলিপুর কোর্টে গত ১২/১১/২০১৮ রেজিস্ট্রার চুক্তিপত্রের মাধ্যমে আপনার সাথে আমরা শ্রী মনোজ কুমার মিশ্র ও শ্রীমতী মিঠু মিশ্র চুক্তি স্বাক্ষর করি।

(২) চুক্তি অনুযায়ী গত এপ্রিল, ২০১৮ সি.সি. সহযোগে ফ্ল্যাট হস্তান্তর বা রেজিস্ট্রী করার কথা ছিল। কিন্তু আজ ০১/১১/২০১৯ পর্যন্ত আপনি বকেয়া টাকা নিয়ে ফ্ল্যাট সম্পূর্ণ

Mithu Misra

1/11/2019

তৈরি ও রেজিস্ট্রী করার জন্য কোন চেষ্টা করছেন না। এ ব্যাপারে এটি বোধহয় পঞ্চম চিঠি। কোন চিঠির উত্তর দেওয়ারও কোন প্রয়োজন বোধ করছেন না।

- (৩) চুক্তিপত্র অনুযায়ী ধাপে ধাপে কাজ করার অনুপাতে ধাপে ধাপে টাকা পরিশোধ করে আসছি। এমনকি দ্রুত কাজের অগ্রগতির জন্য আপনার মৌখিক অনুরোধে কিস্তির কাজ শেষ হওয়ার পূর্বেই কিস্তির টাকা অগ্রিম দিয়ে এসেছি। কিন্তু আপনি কাজ সম্পূর্ণ করে বাকি বকেয়া টাকা নেওয়ারও কোন চেষ্টা এবং যোগাযোগ করছেন না।
- (৪) উক্ত ঘটনার প্রেক্ষিতে আমাকে ব্যাঙ্কের কিস্তি বাবদ মাসে ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা এবং ঘর বাবদ মাসে ১২,০০০/- (বারো হাজার) টাকা অর্থাৎ প্রতি মাসে মোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা লোকসান হচ্ছে আপনার বিলম্বিত কাজের জন্য।
- (৫) আপনার বিলম্বিত কাজের জন্য আমাদের প্রদত্ত টাকার উপর মাসিক ২ শতাংশ হারে অথবা মাসে ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা ইংরেজির গত মে, ২০১৯ মাস থেকে সি.সি. সহযোগে ফ্ল্যাট রেজিস্ট্রী দিন পর্যন্ত ক্ষতিপূরণ দিয়ে সত্ত্বর ফ্ল্যাট হস্তান্তর বা রেজিস্ট্রী করার জন্য অনুরোধ করছি। অন্যথায় আইগত ব্যবস্থা নিতে বাধ্য থাকব।

বিনীত -  
মিঠু মিশ্র

Mithu Misra

1/11/2019